

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৫৫

১/ বিবিধ

আরবী

مع كل فرحة ترحة  
ضعيف

رواه الخطيب في تاريخه (3 / 116) والضياء المقدسي في " جزء من حديثه " (141 / 2) عن مسروق: حدثنا حفص بن غياث عن الأعمش عن أبي إسحاق عن أبي الأحوص عن عبد الله مرفوعا. وقال المقدسي: " مسروق هو ابن المرزبان، قال أبو حاتم الرازي: ليس بقوي ". قلت: والصحيح أنه موقوف على ابن مسعود، فقال ابن المبارك في " الزهد " (347 / 976): أخبرنا عبد الرحمن بن مهدي حدثنا سفيان وشعبة عن أبي إسحاق عن أبي الأحوص به موقوفا. ثم رأيت في " معجم أبي سعيد بن الأعرابي " (ق 126 / 2) من هذا الوجه مرفوعا، وفي آخره: " قال أبو الفضل: هذا باطل، وكتبناه من كتابه، مرفوع ". ثم وجدته في " الزهد " للإمام أحمد موقوفا على ابن مسعود. أخرجه (163) من طريق إسرائيل عن أبي إسحاق به. وكذا هو موقوف في " الزهد " لوكيع (3 / 819 / 506)

বাংলা

১৮৫৫। প্রতিটি খুশির সাথে চিন্তা রয়েছে।

হাদীসটি দুর্বল।

এটিকে খাতীব তার “তারীখ” গ্রন্থে (৩/১১৬) ও যিয়া মাকদেসী “জুয়উম মিন হাদীসি” গ্রন্থে (২/১৪১) মাসরুক

হতে, তিনি হাফস ইবনু গিয়াস হতে, তিনি আমাশ হতে, তিনি আবু ইসহাক হতে, তিনি আবুল আহওয়াস হতে, তিনি আব্দুল্লাহ (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন। মাকদেসী বলেনঃ মাসরু'ক হচ্ছেন ইবনু মারযুবান। আবু হাতিম রাযী তার সম্পর্কে বলেনঃ তিনি শক্তিশালী নন।

আমি (আলবানী) বলছিঃ সঠিক হচ্ছে এই যে, এটি আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে মওকুফ হিসেবে বর্ণিত হয়েছে। ইবনুল মুবারাক “আযযুহদ” গ্রন্থে (৩৪৭/৯৭৬) বলেনঃ আমাদেরকে আব্দুর রহমান ইবনু মাহদী হাদীসটিকে সুফইয়ান ও শু'বা হতে, তারা আবু ইসহাক হতে, তিনি আবুল আহওয়াস হতে মওকুফ হিসেবে বর্ণনা করেছেন।

অতঃপর আমি এটিকে "মুজামু আবী সাঈদ ইবনুল আরাবী" গ্রন্থে (কাফ ২/১২৬) এ সূত্রেই মারফু হিসেবে দেখেছি। যার শেষে রয়েছেঃ আবুল ফায়ল বলেনঃ এটি বাতিল। আমরা এটিকে তার কিতাব হতে মারফু হিসেবে লিখেছি।

অতঃপর আমি এটিকে ইমাম আহমাদের “আযযুহদ” গ্রন্থে আব্দুল্লাহ ইবনু মাসউদ (রাঃ) হতে মওকুফ হিসেবে পেয়েছি। এটিকে তিনি (১৬৩) ইসরাঈল সূত্রে আবু ইসহাক হতে বর্ণনা করেছেন। অনুরূপভাবে অকি'র “আযযুহদ” গ্রন্থেও মওকুফ (৩/৮১৯/৫০৬) হিসেবে পেয়েছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72738>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন